



# Department of State Licensing Services

নিউ ইয়র্ক স্টেট  
ডিপার্টমেন্ট অফ স্টেট  
ডিভিশন অব লাইসেন্সিং সার্ভিসেস  
পি.ও. বক্স 22001  
অ্যালবানি, NY 12201-2001  
কাস্টমার সার্ভিস: (518) 474-4429  
<https://dos.ny.gov>

## ফটো আইডি'র অনুরোধ

যদি আপনার NYS ড্রাইভার লাইসেন্স বা নন-ড্রাইভার আইডি না থাকে

প্রিয় আবেদনকারী,

ডিপার্টমেন্ট অফ স্টেট থেকে আপনার নতুন ফটো আইডি কার্ড NYS ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেল (DMV) তৈরি করবে। তার জন্য, DMV ফাইলে আপনার একটি ছবি থাকা প্রয়োজন।

- » আপনার যদি ইতিমধ্যেই একটি বৈধ NYS ড্রাইভার লাইসেন্স বা ফটো সহ নন-ড্রাইভার আইডি থাকে তাহলে আপনার DMV অফিসে যাওয়ার দরকার নেই। নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে আপনার ডিপার্টমেন্ট অফ স্টেটের আবেদনটি পড়ুন।
- » আপনার যদি একটি বৈধ NYS ড্রাইভার লাইসেন্স না থাকে বা ফটো সহ নন-ড্রাইভার আইডি না থাকে তাহলে কোনো চার্জ ছাড়াই আপনার ছবি তোলার জন্য আপনাকে একটি DMV অফিসে যেতে হবে। এই ফর্মটি, সেইসাথে আপনার নাম জন্মতারিখ এবং স্বাক্ষর যাচাই, কর্মচারী আপন DMV। একজন("নিচে সনাক্তকরণের প্রয়োজনীয়তা দেখুন") অফিসে আনুন DMV করার জন্য শনাক্তকরণের কাগজপত্রের ছবি তুলবেন এবং আপনার প্রমাণগুলি যাচাই করার পর আপনাকে একটি রসিদ প্রদান করবেন। আপনার রসিদে (FS-6T) DMV দ্বারা নির্ধারিত একটি 9-সংখ্যার আইডি নম্বর থাকবে। আপনার ডিপার্টমেন্ট অফ স্টেটের আবেদনে সেই নম্বরটি লিখুন।

আপনি যখন আপনার ছবি DMV অফিসে তোলাবেন, তখন আপনি চাইলে একটি NYS নন-ড্রাইভার আইডি কার্ডের জন্য আবেদন করতে পারেন।

### শনাক্তকরণের প্রয়োজনীয়গুলি

DMV আপনার ছবি তোলার আগে আপনাকে অবশ্যই আপনার পরিচয় এবং আপনার জন্মতারিখের প্রমাণ প্রদান করতে হবে। সমস্ত ক্ষেত্রে, এজেন্সি দ্বারা যাচাই করা মূল নথি বা কাগজপত্রগুলিকে প্রমাণ হিসাবে ব্যবহার করতে হবে। প্রমাণের অন্তত একটি নথিতে আপনার স্বাক্ষর থাকতে হবে। ফটোকপি গ্রহণযোগ্য নয়। একই ধরনের একাধিক নথিকে শুধুমাত্র একটি প্রমাণ হিসাবে ধরা হবে (যেমন দুই বা তার বেশি ক্রেডিট কার্ড শুধুমাত্র একটি ক্রেডিট কার্ড হিসাবে ধরা হবে)। DMV ফর্ম ID-44, যা [www.dmv.ny.gov](http://www.dmv.ny.gov)-এ অনলাইনে পাওয়া যায়, এতে একজনের শনাক্তকরণ এবং জন্মতারিখ প্রমাণ করার জন্য গ্রহণযোগ্য নথিগুলির একটি তালিকা রয়েছে। (দ্রষ্টব্য: শুধুমাত্র ইমেজ ক্যাপচার লেনদেনের জন্য আপনার পরিচয় প্রমাণ হিসাবে সোশ্যাল সিকিউরিটি কার্ড প্রদান করা আবশ্যিক নয়। আপনি যদি পরিচয়ের প্রমাণ হিসাবে সোশ্যাল সিকিউরিটি কার্ড প্রদান করেন তাহলে সেটি দুটি পয়েন্টের জন্য গণনা করা হবে)।

**সতর্কতা** – DMV এমন নথি গ্রহণ করবে না যাতে কিছু পরিবর্তন বা মুছে ফেলা হয়েছে। এই ধরনের নথি বাজেয়াপ্ত করা হতে পারে। জাল কাগজপত্র উপস্থাপন করলে ফৌজদারি মামলা হতে পারে।

### DMV অফিসের নির্দেশাবলী (শুধুমাত্র DMV-এর ব্যবহারের জন্য)

নাম	জন্মতারিখ	লিঙ্গ
-----	-----------	-------

DMV এই গ্রাহকের শুধুমাত্র ইমেজ ক্যাপচার (ICO) লেনদেনের জন্য একটি রেফারেল পেয়েছে। (মনে রাখবেন: ICO এর সাথে কোন ফি যুক্ত নেই)। গ্রাহকের MV-44 অ্যাপ্লিকেশনের প্রয়োজন হয় না যদি তাদের শুধুমাত্র একটি ICO-এর প্রয়োজন হয়। কিন্তু গ্রাহক যদি একটি নন-ড্রাইভার আইডি কার্ডও পেতে চান, তাহলে তাদের একটি MV-44 ফর্ম পূরণ করতে হবে এবং যথারীতি প্রক্রিয়াটি সম্পূর্ণ করতে হবে।

প্রতিটি পরিস্থিতিতে, নাম, জন্মতারিখ এবং স্বাক্ষরের গ্রাহকের প্রমাণগুলি বৈধ কিনা তা যাচাই করে নিন। গ্রাহক যে প্রমাণগুলি প্রদান করেন একটি ID-44 এ যাচাই করে তা শনাক্ত করুন। (দ্রষ্টব্য: শুধুমাত্র ইমেজ ক্যাপচার লেনদেনের জন্য আপনার পরিচয় প্রমাণ হিসাবে সোশ্যাল সিকিউরিটি কার্ড প্রদান করা আবশ্যিক নয়। যদি তাঁরা পরিচয়ের প্রমাণ হিসাবে সোশ্যাল সিকিউরিটি কার্ড প্রদান করেন তাহলে সেটি দুটি পয়েন্টের জন্য গণনা করা হবে)। উপরের দেওয়া জায়গায় গ্রাহকের নাম, জন্ম তারিখ এবং লিঙ্গ স্পষ্ট হরফে লিখুন। FS-6T-এর অফিস কপিটি এই পৃষ্ঠায় এবং ID-44 (এবং প্রয়োজন হলে MV-44-এ) সংযুক্ত করুন এবং আপনার ব্যাচের কাগজপত্রে পৃষ্ঠাগুলি রাখুন। গ্রাহককে জানান যে তাদের FS-6T-এর কপিটি সাবধানে রাখতে হবে কারণ তাতে লেখা ক্লায়েন্ট ID# তাদের প্রয়োজন হবে।